

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮-৫৮

আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৪

রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস-২০২৪
যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রীর সভাপতিতে প্রস্তুতি সভা

সচিবালয়ের ২নং কনফারেন্স হলে আজ রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস-২০২৪ উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। সভায় উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া সচিব ড. পি কে চক্রবর্তী, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সচিব সুকান্ত ঘোষ, সরকারি ও বেসরকারি দিব্যাঙ্গজন সংস্থার প্রতিনিধিগণ, প্রতিটি জেলার ডিডিআরসি'র প্রতিনিধিগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে, আগামী ৩ ডিসেম্বর দিব্যাঙ্গজন দিবসে রাজ্যের প্রতিটি জেলায় জেলাভিত্তিক দিব্যাঙ্গজন দিবস উদযাপনের সাথে জেলাভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস'র আয়োজন করা হবে। ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে স্বামী বিবেকানন্দ ময়দানে রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস অনুষ্ঠিত হবে। রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমসে ১৪টি ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই ইভেন্টগুলির মধ্যে রয়েছে শটপাট, ৫০ মিটার দৌড়, রিং থ্রো, লঙ্ঘ জাম্প, চেস, ক্যারম, কাবাড়ি, ইলাইট ক্রিকেট, মিডিজিক্যাল বল ও চেয়ার। সভায় জানানো হয় ছাইল চেয়ার, স্ট্যান্ডিং ব্রড জাম্প, বুচি ও সোজা দৌড়- এই চারটি ক্রীড়া প্রতিযোগিতা রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমসে নতুন সংযোজন করা হয়েছে। সভায় জানানো হয় জেলাভিত্তিক প্রতিযোগিতা থেকে নির্বাচিত ৪০ জন করে দিব্যাঙ্গজন প্রতিযোগী রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশ নেবে।

সভায় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, দিব্যাঙ্গজনেরা আমাদের সমাজের একটি গুরুত্বপূর্ণ অংশ। দিব্যাঙ্গজনের উন্নয়ন ছাড়া আমাদের সমাজের উন্নয়ন অম্পূর্ণ থেকে যাবে। তিনি এই প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস-২০২৪ সফল ভাবে সম্পন্ন করার জন্য যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়কে চেয়ারম্যান, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সচিব তাপস রায় এবং ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সচিব সুকান্ত ঘোষকে ভাইস চেয়ারম্যান করে ২৯ সদস্য বিশিষ্ট একটি পরিচালন কমিটি এবং ১৪টি সাব কমিটি গঠন করা হয়। উল্লেখ্য, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যৌথ উদ্যোগে ২০২৩ সালে প্রথম রাজ্যভিত্তিক খেলো ত্রিপুরা প্যারা গেমস অনুষ্ঠিত হয়।
